

স্মারক নং: ৫০.০০.০০০০.১৪৯.০০.০০৫.১৪-২৭৫

তারিখ: ০৮ কার্তিক ১৪২৫

২৩ অক্টোবর ২০১৮

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন “গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট)” শীর্ষক প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (প্রকল্প চলাকালীন সময়ের জন্য) জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী সাকুল্যে বেতনে নিম্নবর্ণিত শর্তে জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:


ক্রমিক নং	পদের নাম, গ্রেড ও সাকুল্যে বেতন (জা: বে: স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
০১।	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, গ্রেড-১৪, সাকুল্যে বেতন: ১৮,৬০০/- ঢাকা	০১ (এক) টি	অনূর্ধ্ব ৩০	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ টাইপিং এ গতি প্রতি মিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২০ শব্দ। (খ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং এ জ্ঞান অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

## শর্তাবলী:

১. বর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাসিক সাকুল্যে বেতনে উন্নয়ন প্রকল্পের মেয়াদকালীন সময়ে জন্য নিয়োগ করা হবে।
২. আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ ও ২৩ নভেম্বর ২০১৮ তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখপূর্বক “প্রকল্প পরিচালক” গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ অংশ, বাসা নং-০৪, সড়ক নং-২১, সেক্টর নং-০৪, উত্তরা, ঢাকা-১২৩০ বরাবর আবেদন করতে হবে।
৩. আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তার স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র, একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং প্রথম শ্রেণীর কর্তৃকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি ছবি সংযুক্ত করতে হবে।
৪. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৫. সরকারি বিধি অনুযায়ী এ নিয়োগের ক্ষেত্রে সকল কোটা অনুসরণ করা হবে।
৬. আবেদনপত্রের সাথে “প্রকল্প পরিচালক” গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ অংশ এর অনুকূলে ১০০/- (একশত টাকা মাত্র) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরযোগ্য) সংযুক্ত করতে হবে।
৭. অসমাপ্ত ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন বিবেচনা করা হবে না।
৮. প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর।
৯. মুক্তিযোদ্ধা সন্তান বা পোষ্যদের স্বপক্ষে সনদপত্রের কপিসহ নিম্নবর্ণিত ছক মোতাবেক তথ্যাদি সংযুক্ত করতে হবে।

ক্রমিক নং	মুক্তিযোদ্ধার নাম	পিতার নাম	উপজেলা/জেলার নাম	জন্ম তারিখ	মুক্তিবাহী নম্বর গেজেটেড নম্বর ও তারিখ	সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	মন্তব্য/সম্পর্ক
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮

১০. খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
১১. নির্বাচনী/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১২. নির্বাচিত প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা উন্নয়ন প্রকল্পে নিয়োগ সংক্রান্ত সরকারি বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
১৩. উন্নয়ন প্রকল্প সমাপ্তির সাথে সাথে চাকুরীর অবসান হবে। সে অনুযায়ী সংশ্লিষ্ট নিয়োগপত্রই চাকুরী অবসানের নোটিশ হিসেবে গণ্য হবে।
১৪. আবেদনপত্র গ্রহণ, বাছাই বা বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।
১৫. যে কোন পদ সংখ্যা কম/বেশী করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
১৬. বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের Web Site: www.bba.gov.bd এ পাওয়া যাবে।
১৭. আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ২৩ নভেম্বর ২০১৮।



(মোঃ লিয়াকত আলী)

প্রকল্প পরিচালক

গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট  
(বিআরটি, গাজীপুর-এয়ারপোর্ট)